দৈনিক [illegible]

তারিখ ... 31 DEC 2016 ...
পৃষ্ঠা ...2... কলাম ...৫...

# বঙ্গবন্ধু শিক্ষা ফাউন্ডেশনের বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক ●**

মেধাবী মুখ খুঁজে বের করে, দেশ প্রেমের চেতনায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে গতকাল অনুষ্ঠিত হয়েছে বঙ্গবন্ধু শিক্ষা ফাউন্ডেশন মেধা বৃত্তি পরীক্ষা। ঢাকা, চট্টগ্রাম, কক্সবাজার ও নরসিংদীতে একযোগে প্রায় আট হাজার শিক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করে।

বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে আড়াই ঘণ্টায় ১০০ নম্বরের এ পরীক্ষায় প্রথম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত আটটি গ্রুপে শিক্ষার্থীরা অংশ নেয়। আগামী জানুয়ারির ৩০ তারিখের মধ্যে ফলাফল প্রকাশ করে মেধাবীদের হাতে কম্পিউটার, ল্যাপটপসহ অন্যান্য শিক্ষা উপকরণ তুলে দেওয়া হবে।

ফাউন্ডেশনের চেয়ারম্যান সীমান্ত তালুকদার বলেন, সারা বিশ্বজুড়ে প্রতিভাবান বাঙালিরা স্বাক্ষর রাখছেন স্বীয় মেধা, যোগ্যতা আর প্রতিভার। মহাকাশ গবেষণা সংস্থা 'নাসা'র গবেষক থেকে বিশ্বখ্যাত ইউটিউবের সহ-উদ্যোক্তা আমাদের বাঙালি। বিশ্বব্যাপী শত শত দৃষ্টান্তের মালিক এখন বাঙালিরা। বঙ্গবন্ধু শিক্ষা ফাউন্ডেশন খুঁজে বের করতে চায় জাতির এ মেধাবী মুখগুলোকে।